গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২২.১৭-২৬ তারিখঃ ০৪ মাঘ ১৪২৭ ব. / ১৮ জানুয়ারি ২০২১ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ মামলার ১৩/১২/২০১৫ তারিখের রায় এবং আপিল নং-৩৬১১/২০১৬ মামলার ১১/১২/২০১৭ তারিখের রায়/নির্দেশনা অনুযায়ী জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন কোনামালঞ্চ আমেনা দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স নং-৩২৫৭১৪) এর ২০ মাসের (নভেম্বর/২০১৬ হতে জুন/২০১৮ পর্যন্ত) বকেয়া বেতন-ভাতা পরিশোধ সংক্রান্ত।

সূত্র:
(১) সুপার, কোনামালঞ্চ আমেনা দাখিল মাদ্রাসা -এর স্মারক নং- কোনা:/আ:/দা:/মা:/১০, তারিখ: ৩০/০৯/১৩ খ্রি:।
(২) সুপার, কোনামালঞ্চ আমেনা দাখিল মাদ্রাসা -এর স্মারক নং- কোনা:/আ:/দা:/মা:/১০৭, তারিখ: ২৩/০৭/১৯ খ্রি:।
(৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং- ১জি/৯৮৭বি/২০১১/৯৫০৯/৫, তারিখ: ২৪/১২/২০১৩ খ্রি:
(৪) সুপার, কোনামালঞ্চ আমেনা দাখিল মাদ্রাসা -এর স্মারক নং- কোনা/আ/দা/মা/১(৭), তারিখ: ১৯/০১/২০১৪ খ্রি:।
(৫) টিএমইডি এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৬৬.০০২.০২২.১৭-৩৯৯, তারিখ: ২৯/১০/২০১৮ খ্রি:
(৬) সুপার, কোনামালঞ্চ আমেনা দাখিল মাদ্রাসা -এর স্মারক নং- কোনা:/আ:/দা:/মাদ:/৯৩, তারিখ: ১৭/০৪/২০১৯ খ্রি:।
(৭) জনাব মো: শফিকুর রহমান, সহ: মৌলভী, কোনামালঞ্চ আমেনা দাখিল মাদ্রাসা-এর আবেদন, তারিখ: ২৭/০২/২০২০খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন কোনামালঞ্চা আমেনা দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স নং-৩২৫৭১৪) গত ১৫/১২/১৯৮৬ তারিখে নিয়োগপ্রাপ্ত হয়ে ২১/১২/৮৬ ইং তারিখে কোনামালঞ্চা আমেনা দাখিল মাদ্রাসায় যোগদান করেন। গত ০১/০৬/৮৭ তারিখে (১০০০/- স্কেলে যা বর্তমানে ৬৪০০/-) এমপিওভুক্ত হন মর্মে সূত্রোক্ত (১) নং পত্রমূলে জানা যায়।

২। এমপিওভুক্তির মাত্র নয় মাস পরে প্রতারণা ও জাল অর্ডার তৈরীর মাধ্যমে বিধি বহির্ভুতভাবে তিনি (জনাব মো: শফিকুর রহমান) প্রথম টাইম স্কেল (১৩৫০/- টাকা) গ্রহণপূর্বক বেতন-ভাতা (এমপিও) উত্তোলন করতে থাকেন। জনাব মো: শফিকুর রহমান ০১/৩/৮৮ হতে ৩১/৫/১৯৯০ পর্যন্ত প্রাপ্যের চেয়ে অতিরিক্ত ৭৫৪০/- টাকা উত্তোলন করেন, যা পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের অডিটে উদঘাটিত হয় এবং পরবর্তীতে উক্ত অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করা হয় মর্মে সূত্রোক্ত (২) নং পত্রে বর্ণিত রয়েছে।

৩। অত:পর চাকুরী নীতিমালা অনুযায়ী ০৮ বৎসর পূর্ণ হওয়ার পর জনাব মো: শফিকুর রহমান-কে বিগত ০১/৫/১৯৯৭খ্রি. তারিখে প্রথম বৈধ টাইম স্কেল (১১ কোড হতে ১০ নং কোডে, টাকা-৮০০০/-) প্রদান করা হয়। ভুলবশত এমপিও সীটে সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান এর বেতন (এমপিও) ১১০০০/- টাকা দেয়া হয়। কিন্তু প্রতিষ্ঠান হতে এমপিও নির্দেশিকা অনুযায়ী জনাব মো: শফিকুর রহমান-কে ০১/৫/১৯৯৭ হতে ফেব্রুয়ারি/২০০৮ পর্যন্ত ১০ নং কোডে ৮০০০/- বেতন-ভাতা প্রদান করা হয় মর্মে প্রতিষ্ঠানের সুপার কর্তৃক জনাব মো: শফিকুর রহমান-এর এমপিও কোড সংশোধনের নিমিত্ত ৩০/৯/২০১৩খ্রি. তারিখে সহকারী পরিচাল, মাউশিঅ বরাবর প্রেরিত সূত্রোক্ত (১) নং পত্রে উল্লেখ রয়েছে।

৪। বৈধভাবে প্রথম টাইম স্কেল পেতে থাকা অবস্থায় উক্ত শিক্ষক (জনাব মো: শফিকুর রহমান) কর্তৃক পুনরায় দ্বিতীয়বার প্রতারণা ও অধিদপ্তরের অর্ডার জালকরণের মাধ্যমে দ্বিতীয় টাইমস্কেল (১০ হতে ৯ নং কোড) গ্রহণ করা হয়। এর পরবর্তীতে ০১/৩/২০০৮ হতে ৩১/১০/১২ পর্যন্ত সময়ে প্রাপ্যের চেয়ে অতিরিক্ত গৃহীত ১৪৭৭১৬/- টাকা সরকারী কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দেয়ার জন্য মাউশিঅ হতে ২৪/১২/২০১৩ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে পত্র জারি করা হয়।

৫। মাউশিঅ'র পত্রের বরাতে অতিরিক্ত গৃহীত অর্থ চালানের মাধ্যতে জমা প্রদানের জন্য বর্ণিত প্রতিষ্ঠান হতে ১৯/০১/২০১৪ খ্রি. তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকমূলে পত্র জারি করা হয়। উক্ত স্মারক দুটির বিরুদ্ধে জনাব মো: শফিকুর রহমান কর্তৃক রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ দায়ের করা হয়।

৬। উক্ত রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ মামলায় মাননীয় আদালত কর্তৃক ১৩/১২/২০১৫ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনা নিম্নরূপ-

"In the result, the Rule is made absolute. In consequence whereof, it is declared that the impugned স্মারক নং-কোনা/স্বা/দা/মা/১(৭), তারিখ: ১৯.০১.২০১৪ and the impugned স্মারক নং-১জি/৯৮৭বি/২০১১/২৯৫১০/৫, তারিখ: ২৪.১২.২০১৩ have been made and issued without any lawful authority and are of no legal effect.

Accordingly, the Respondent No.3 and other respondent are directed to restore to the petitioners the scale and the Code number that was allowed to the petitioner before issuance of the impugned letters hereby set aside. They are further directed to pay the arrear salaries, if any as well as the government portion to the MPO that has been paid/creadted less to his account, within 30 working days from the date of receipt of the judgment and order"

৭। রিট মামলার উক্ত রায়/আদেশ বাস্তবায়ন না হওয়ায় পিটিশনার কর্তৃক কনটেম্পট পিটিশন নং- ৩৭২/২০১৬ (রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়। যার ০১/১১/২০১৬ তারিখে রুল জারি করা হয়।

৮। তৎপরবর্তীতে উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল মামলা নং-৩৬১১/২০১৬ দায়ের করা হয়। সিপিএলএ নং-৩৬১১/২০১৬ মামলায় মহামান্য আপিল বিভাগ কর্তৃক ১১/১২/২০১৭ তারিখে প্রদত্ত আদেশটি নিম্নরূপ-

"The operation of the judgment and order of the High court Division in Writ Petition No. 1451 of 2014 be stayed subject to condition that respondent No. 1 shall get the M.P.O on the basis of Code No. 10 till disposal of the appeal and realization of excess amount withdrawn by the respondent be stayed till disposal of the appeal" অর্থাৎ আপীল মামলাটি নিস্পত্তি না হওয়া পর্যন্ত পিটিশনার ১০ নং কোডে এমপিও পেতে থাকবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

চলমান পাতা নং-০২

৯। উল্লেখ্য- সিপিএলএ নং-৩৬১১/২০১৬ মামলার ১১/১২/২০১৭ তারিখের আদেশ / নির্দেশনাটি বাস্তবায়নে বিলম্ব হওয়ায় পিটিশনার কর্তৃক পুনরায় অপর কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৮ (সিপিএলএ নং-৩৬১১/২০১৬ যা পরবর্তীতে সিভিল আপীল নং-১৩৭/২০১৮ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়।

১০। ফলে সিপিএলএ নং-৩৬১১/২০১৬ মামলার ১১/১২/২০১৭ তারিখের নির্দেশনা (আপিলটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত পিটিশনার এর ১০ নং কোডে বেতন-ভাতার সরকারি অংশ চালু রাখা সংক্রান্ত) অনুযায়ী পিটিশনার- জনাব মো: শফিকুর রহমানকে ১০ নং কোডে বেতন ভাতার সরকারি অংশ (MPO) বর্তমানে চালু করার জন্য টিএমইডি হতে ২৯/১০/২০১৮খ্রি. তারিখে সূত্রোক্ত (৫) নং স্মারকমূলে ডিজি, ডিএমই-কে নির্দেশনা প্রদান করা হয়। সে অনুযায়ী উক্ত অর্থ বছরাধীন হওয়ায় পিটিশনারের ১০ নং কোডে জুলাই/১৮ হতে মার্চ/১৯ পর্যন্ত এমপিও প্রদান করা হয় এবং বর্তমানে এমপিও চলমান রয়েছে। মাদ্রাসা'র সুপারের ১৭/৪/২০১৯খ্রি. তারিখের সুত্রোক্ত (৬) নং পত্রের বর্ণনা মতে নভেম্বর/২০১৬ হতে মাদ্রাসায় অনুপস্থিত থাকায় নভেম্বর/২০১৬ হতে জনাব মো: শফিকুর রহমান এর এমপিও বকেয়া রয়েছে।

১১। এক্ষণে, সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান কর্তৃক বকেয়া (নভেম্বর/২০১৬ হতে জুন/২০১৮ পর্যন্ত) ২০ মাসের বেতন-ভাতা'র (এমপিও) পাওয়ার জন্য সচিব, টিএমইডি বরারব সূত্রোক্ত (৭) নং আবেদন দাখিল করা হয়েছে।

১২। উল্লেখ্য- উক্ত সময়ে (নভেম্বর/২০১৬ হতে জুন/২০১৮ পর্যন্ত) টাকা সরকার কর্তৃক উক্ত সময়ে বরাদ্দ দেয়া হয়েছিল। কিন্তু প্রতিষ্ঠান প্রধান ও ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক বণ্টন করা হয়নি। উক্ত বকেয়া বেতন-ভাতা পুনরায় বরাদ্দ প্রদানের অবকাশ নেই। তবে নিম্নরুপ পদক্ষেপ গ্রহণের সুযোগ রয়েছে।

(i) যেহেতু সিপিএলএ নং-৩৬১১/২০১৬ মামলায় মহামান্য আপিল বিভাগ কর্তৃক ১১/১২/২০১৭ তারিখে প্রদত্ত .... respondent No. 1 shall get the M.P.O on the basis of Code No. 10 till disposal of the appeal and realization of excess amount withdrawn by the respondent be stayed till disposal of the appeal. মর্মে প্রদত্ত আদেশ/নির্দেশনা প্রদান করা হয়েছে এবং যেহেতু উক্ত আদেশ বাস্তবায়ন হয়েছে জুলাই/২০১৮ মাসে সেহেতু আপিল বিভাগ কর্তৃক রায় ঘোষণার তারিখ (১১/১২/২০১৭) হতে উক্ত আদেশ বাস্তবায়ন হওয়ার মধ্যবর্তী সময়ের অর্থাৎ ১১/১২/২০১৭ তারিখ হতে জুন/২০১৮ পর্যন্ত সময়ের বকেয়া এমপিও সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স নং-৩২৫৭১৪) এর অনুকূলে আইনানুগ প্রাপ্যতা রয়েছে;

(ii) একইসাথে সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স নং-৩২৫৭১৪) এর নভেম্বর/২০১৬ হতে ১০/১২/২০১৭ পর্যন্ত সময়ের বকেয়া (যেহেতু সরকার কর্তৃক প্রদান করা হলেও প্রতিষ্ঠান কর্তৃক বণ্টন করা হয়নি) "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা, ২০১০" এর ১৮(৬) অনুচ্ছেদ (তৎকালীন প্রযোজ্য নীতিমালা) এর নির্দেশনা অনুযায়ী (প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে) পরিশোধযোগ্য।

১৩। এক্ষণে, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন-

(ক) সিপিএলএ নং-৩৬১১/২০১৬ (রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ হতে উদ্ভুত) মামলায় মহামান্য আপিল বিভাগ কর্তৃক ১১/১২/২০১৭ তারিখে .. respondent No. 1 shall get the M.P.O on the basis of Code No. 10 till disposal of the appeal and realization of excess amount withdrawn by the respondent be stayed till disposal of the appeal. মর্মে প্রদত্ত আদেশ/নির্দেশনা ঘোষণার তারিখ (১১/১২/২০১৭) হতে উক্ত আদেশ বাস্তবায়ন হওয়ার মধ্যবর্তী সময়ের অর্থাৎ ১১/১২/২০১৭খ্রি. তারিখ হতে জুন/২০১৮ পর্যন্ত সময়ের বকেয়া এমপিও (কোড নং ১০ মতে) জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স নং-৩২৫৭১৪) এর অনুকূলে প্রদান করা;

(খ) একইসাথে সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স নং-৩২৫৭১৪) এর নভেম্বর/২০১৬ হতে ১০/১২/২০১৭ পর্যন্ত সময়ের বকেয়া (যেহেতু সরকার কর্তৃক প্রদান করা হলেও প্রতিষ্ঠান কর্তৃক বণ্টন করা হয়নি) "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা, ২০১০" এর ১৮(৬) অনুচ্ছেদ (তৎকালীন প্রযোজ্য নীতিমালা) এর নির্দেশনা অনুযায়ী (প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে) পিটিশনার এর অনুকূলে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা;

(গ) এ সংক্রান্ত গৃহীত কার্যক্রমের তথ্য মহামান্য আদালতের গোচরে নেয়া;

(ঘ) সিপিএলএ নং-৩৬১১/২০১৬ মামলাটি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা;

১৪। এমতাবস্থায়, অনুচ্ছেদ নং-১৩ এ উল্লিখিত নির্দেশনা মতে ব্যবস্থা গ্রহণক্রমে প্রমাণকসহ তথ্যাদি আগামি ২৫/০২/২০২১ খ্রি: এর মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২৮/০২/২০২১

মো: আ: খালেক মিঞা
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। সুপারিনটেনডেন্ট, কোনামালঞ্চ আমিনা দাখিল মাদ্রাসা, ডাকঘর-হাজরাবাড়ী, উপজেলা- মেলান্দহ, জেলা-জামালপুর।
৬। জনাব মো: শফিকুর রহমান, সহকারী মৌলভী, কোনামালঞ্চ আমিনা দাখিল মাদ্রাসা, ডাকঘর-হাজরাবাড়ী, উপজেলা- মেলান্দহ, জামালপুর।
৭। অফিস কপি/মাষ্টার কপি।